# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭২

পর্ব-২: ‘ইলম (বিদ্যা) (كتاب العلم)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّالِثُ

---

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: يَا أَيُّهَا النَّاسُ مَنْ عَلِمَ شَيْئًا فَلْيَقُلْ بِهِ وَمَنْ لَمْ يَعْلَمْ فَلْيَقُلِ اللَّهُ أعلم فَإِن من الْعلم أَن يَقُول لِمَا لَا تَعْلَمُ اللَّهُ أَعْلَمُ. قَالَ اللَّهُ تَعَالَى لِنَبِيِّهِ (قُلْ مَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ وَمَا أَنا من المتكلفين)

বাংলা

২৭২-[৭৫] ’আবদুল্লাহ ইবনু মাস্’ঊদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, হে লোক সকল! যে যা জানে সে তা-ই যেন বলে। আর যে জানে না সে যেন বলে আল্লাহই সবচেয়ে ভালো জানেন। কারণ যে ব্যাপারে তোমার কিছু জানা নেই সে ব্যাপারে ’’আল্লাহই অধিকতর জ্ঞাত আছেন’’ এ কথা ঘোষণাই তোমার জ্ঞান। (কুরআনে) আল্লাহ তা’আলা তাঁর নবীকে বলেছেনঃ ’’আপনি বলুন, আমি (দীন প্রচারের বিনিময়ে) তোমাদের নিকট কোন পারিশ্রমিক চাই না। আর যারা মিথ্যা দাবি করে আমি তাদের অন্তর্ভুক্ত নই’’- (সূরাহ্ সোয়াদ ৩৮:৮৬)। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৪৭৭৪, মুসলিম ২৭৯৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: জনৈক ব্যক্তি ‘আবদুল্লাহ ইবনু মাস্‘ঊদকে ‘‘ক্বিয়ামাতের (কিয়ামতের) দিন ধোঁয়ার আগমন ঘটা’’ সম্পর্কে বললে ‘আবদুল্লাহ (রাঃ) তার কথার অস্বীকৃতি স্বরূপ বলেন- যা তোমরা জানো না সে ব্যাপারে তোমাদের জানা আছে এ কথা বুঝানোর ভান করো না। পূর্ণাঙ্গ হাদীস হতে আমরা যা বুঝতে পারি তা হলো অজানা বিষয় জানা আছে এ কথা বুঝানোর জন্য কারো সামনে ভান করা যাবে না এবং অজানা বিষয়ের اَللّٰهُ أَعْلَمُ বলে উত্তর দিতে হবে, কারণ অজানা বিষয় হতে জানা বিষয়কে আলাদা করাও এক প্রকার বিদ্যা। পক্ষান্তরে এর বিপরীত করা

সুন্নাহ বহির্ভূত অনুচিত কাজ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54831

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন